**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৪৪৪ তারিখঃ ১৭-০১-২০২২

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর /২০২১ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২১-২২ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর /২০২১পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (জানুয়ারী,২০২২ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০১-২০২২ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: sbneena2020@gmail.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১৭/০১/2022
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৪৮১১১০৪৯
e-mail: sbneena2020@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। পরিচালক (সকল) , কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, জেলা পর্যায়ে “কৃষকের বাজার” স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের উপর গত ২৯-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর /২০২১ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ০৩.০০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের ডিসেম্বর,২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** ভয়াবহ মহামরি "কোভিড -১৯" এর কারণে দীর্ঘদিন এডিপি সভা করা সম্ভব হয়নি বিধায় লিখিত সিদ্ধান্ত আকারে কার্যক্রম গ্রহণ করা হয়নি। তবে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্প ও কর্মসূচিতে যে সকল মৌখিক নির্দেশনা প্রদান করা হয়েছে তা নিশ্চিত করা হয়েছে।

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচি সমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপনকালে ২০২১-২২ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচির কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৩টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপির বরাদ্দ মোট ৮১৫৯.৫০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ২২২.৬০ লক্ষ টাকার বরাদ্দ আছে। ০৩টি বিনিয়োগ প্রকল্পের আওতায় ২৫৮৮.৬০ লক্ষ (৩১.৭২%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে ডিসেম্বর,২০২১ পর্যন্ত ১১৯২.৩০ লক্ষ (১৪.৬১%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচি সমূহের ছাড়কৃত ১১১.৩০ লক্ষ (৫০%) টাকার মধ্যে ডিসেম্বর,২০২১ পর্যন্ত ২০.৮০ লক্ষ (৯.৩৪%) টাকা ব্যয় করা হয়। প্রায় ০৬ (ছয়) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। ২০২১-২২ অর্থ বছরের অর্থ ছাড় অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**২.২** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে **"স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট** (এসএসিপি)" শীর্ষক প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় পণ্য ও সেবার দরপত্র আহবান কার্যক্রম কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে সকল দরপত্র আহবান প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা থাকার পরও অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এছাড়া প্রকল্পের আওতায় এসি,আইপিএস, ফটোকপিয়ার,আসবাবপত্র ও গবেষণা (জাতীয়) এর দরপত্র আহবান, ToT প্রশিক্ষণ আয়োজন, এফএমজি গ্রুপ গুলোকে সচল ও মাল্টিহোল্ডার/ স্টেকহোল্ডার প্ল্যাটফর্ম তৈরির জন্য ত্রৈমাসিক সভা দ্রুত আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আগামী ০৬ (ছয়) মাসে কি কি কাজ করা হবে তার একটি কর্মপরিকল্পনা প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০২১-২২ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী যে সকল কাজ এখনো সমাপ্ত হয়নি সেসকল কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। নির্মাণ কর্যক্রম দ্রুত শেষ করার নিমিত্ত্ সপ্তাহে ২/৩ দিন সরেজমিনে পরিদর্শন করতে সভাপতি নির্দেশনা দেন। ২০২১-২২ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ফুলের পাইকারী বাজারে প্রক্রিয়াজাতকারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী সময়ে পরিচালনার জন্য নীতিমালা তৈরী ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে পরামর্শ প্রদান করেন।

২.৪ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা অনুযায়ী চট্রগ্রাম ও রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ করার কার্যক্রম দ্রুত গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ/ ক্রয় কার্যক্রম দ্রুত সম্পাদন করে স্থাপনা নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে বলেন। এছাড়া অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মানের জন্য যেসকল জায়গা ইতোমধ্যে নির্ধারিত হয়েছে উক্ত জায়গায় নির্মাণ কাজ শুরু করার জন্য টেন্ডার আহবানের পরামর্শ দেন। ২০২১-২২ অর্থ বছরের সঠিক ভাবে আরএডিপির বরাদ্দ নির্ধারণ করে তদানুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৫: কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন" কর্মসূচির আওতায় যে সকল দরপত্র ও কোটশনের আহবান করা হয়নি তা দ্রুত সম্পাদন করতে সভাপতি নির্দেশনা দেন। কর্মসূচির কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে নির্দেশনা দেন। ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে তার কার্যক্রম সম্পাদন করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া আগামী ০৬ (ছয়) মাসে কি কি কাজ করা হবে তার একটি কর্মপরিকল্পনা প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৬: কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জেলা পর্যায়ে 'কৃষকের বাজার"স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসাণ কর্মসূচির আওতায় যে ১২টি জেলায় (ঢাকা, নরসিংদী, মানিকগঞ্জ, নওগাঁ, খুলনা, রংপুর, লালমনিরহাট, কুমিল্লা, দিনাজপুর, ঠাকুরগাঁও, যশোর ও চুয়াডাঙ্গা) কৃষকের বাজার নির্মাণ করা হবে উক্ত জায়গা বরাদ্দ প্রাপ্তির কাগজপত্র যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে। কৃষকের বাজার কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে ব্যাপক উদ্যোগ গ্রহণ করাতে নির্দেশনা দেন। নির্মাণ কার্যক্রম সঠিক ভাবে ও নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী করার জন্য একটি মনিটরিং টীম গঠন করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনা ও বিবিধঃ কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) প্রকল্পের আওতায় এসি, আইপিএস, ফটোকপিয়ার,আসবাবপত্র ও গবেষণা (জাতীয়) এর দরপত্র আহবান,ToT প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে।<br>(খ) এফএমজি গ্রুপ গুলোকে সচল ও মাল্টিহোল্ডার/ স্টেকহোল্ডার প্ল্যাটফর্ম তৈরির জন্য ত্রৈমাসিক সভা দ্রুত আয়োজন করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | (গ) ২০২১-২২ অর্থ বছরের এডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে।<br>(ঘ) প্রকল্পের আওতায় আয়োজনকৃত ToT প্রশিক্ষণ ও বিভিন্ন ওয়ার্কশপে কৃষি বিপণন অধিদপ্তর প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের অংশগ্রহন নিশ্চিত করতে হবে। | |
| ৫.২ | (ক) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী যে সকল কাজ বিদ্যমান আছে সেসকল কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে, এছাড়া নির্মাণ কর্যক্রম দ্রুত শেষ করার নিমিত্ত নিয়মিত মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শণ করতে হবে।<br>(খ) ফুলের পাইকারী বাজারে প্রক্রিয়াজাতকারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী সময়ে পরিচালনার জন্য নীতিমালা তৈরী ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |
| ৫.৩ | (ক) প্রকল্পের আওতায় রাজশাহী ও চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ করার কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।<br>(খ) প্রকল্পের অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মানের জন্য যেসকল জায়গা নির্ধারিত হয়েছে উক্ত জায়গায় নির্মাণ কাজ দ্রুত শুরু করতে টেন্ডার আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্প। |
| ৫.৪ | (ক) কর্মসূচির আওতায় যে সকল দরপত্র ও কোটেশন এর আহবান করা হয়নি তা দ্রুত সম্পাদন করতে হবে।<br>(খ) কর্মসূচির কার্যক্রম জনসাধারণের মধ্যে প্রচার করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করাতে হবে। ইতোমধ্যে যে সকল পণ্য ও যন্ত্রপাতি ক্রয়/ সংগ্রহ করা হয়েছে তার পরীক্ষা মূলক কার্যক্রম সম্পাদন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা উন্নয়ন কর্মসূচি |
| ৫.৫ | (ক) কর্মসূচির আওতায় যে ১২টি জেলায় কৃষকের বাজার নির্মাণ করা হবে উক্ত জায়গা বরাদ্দ প্রাপ্তির কাগজপত্র যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে।<br>(খ) বাজার নির্মাণ কার্যক্রম সঠিক ভাবে ও নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন করার জন্য একটি মনিটরিং টীম গঠন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>জেলা পর্যায়ে 'কৃষকের বাজার"স্থাপনের মাধ্যমে নিরাপদ শাক-সবজি বাজারজাতকরণ সম্প্রসাণ কর্মসূচি |
| ৫.৬ | (ক) কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) আগামী ০৬ (ছয়) মাসে কি কি কাজ করা হবে তার একটি কর্মপরিকল্পনা দ্রুত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ গাফ্ফার খান)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর